



ভর্তি

সরকারি মেডিকেল কলেজ ২৮০ আসন, বেসরকারিতে কর্তৃত

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট : ১১ নভেম্বর ২০২৫, ১৮ : ৪০ ◇



×

এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা ১০০ নম্বরের বহুনির্বাচনী প্রশ্নে পরীক্ষা এইচএসসি সিলেবাসে অনুষ্ঠিত
হবে ছবি : সাবিনা ইয়াসমিন

সরকারি ৩৭টি মেডিকেল কলেজ ও বেসরকারি ৬৬টি মেডিকেল কলেজের আসন পুনর্বিন্যাস করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। শিক্ষার পরিবেশ ও সুবিধা বিবেচনায় নিয়ে সরকারিতে ২৮০ এবং বেসরকারিতে ২৭৫টি আসন কমানো হয়েছে। আবার কয়েকটি মেডিকেল আসন বৃদ্ধি করা হয়েছে। গতকাল সোমবার (১০ নভেম্বর) মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সরকারি মেডিকেলের কোনো কলেজে কত আসন কমল?

- ঢাকা মেডিকেল কলেজ : ২৫টি

- চট্টগ্রাম মেডিকেল কলেজ : ২৫টি
- ময়মনসিংহ মেডিকেল কলেজ : ২৫টি
- রাজশাহী মেডিকেল কলেজ : ২৫টি
- সিলেট ওসমানী মেডিকেল কলেজ : ২৫টি
- বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ : ২৫টি
- স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ : ২৫টি
- রংপুর মেডিকেল কলেজ : ২৫টি
- সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ : ৫টি
- হবিগঞ্জ মেডিকেল কলেজ : ৫০টি
- নেত্রকোনা মেডিকেল কলেজ : ২৫টি
- নওগাঁ মেডিকেল কলেজ : ২৫টি
- মাঞ্জরা মেডিকেল কলেজ : ২৫টি
- চাঁদপুর মেডিকেল কলেজ ২৫টি।

মেডিকেলের এই ১৪টি উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানে মোট ৩৫৫টি আসন কমানো হয়েছে। অন্যদিকে গাজীপুর, টাঙ্গাইল ও পটুয়াখালী মেডিকেলে ২৫ করে ৭৫টি আসন বাড়ানো হয়েছে। সে হিসাবে সরকারি ৩৭ মেডিকেলে এবার ২৮০টি আসন কমানো হয়েছে।

বেসরকারির কোনো কলেজে কত আসন কমল ?

অন্যদিকে কয়েকটি বেসরকারি মেডিকেলে ২৭৫টি আসন কমানো হয়েছে। আবার কয়েকটিতে ৪৫টি আসন বৃদ্ধি করা হয়েছে। বেসরকারি যেসব মেডিকেল কলেজে আসন কমেছে সেগুলো হলো—

- ডা. সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ : ৫০টি
- শাহাবুদ্দিন মেডিকেল কলেজ : ১৫টি
- সিটি মেডিকেল কলেজ : ৩০টি
- শমরিতা মেডিকেল কলেজ : ১৫টি
- মার্ক্স মেডিকেল কলেজ : ২০টি
- শহীদ মনসুর আলী মেডিকেল কলেজ : ১৫টি
- ঢাকা সেন্ট্রাল ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ : ১৫টি
- ডেলটা মেডিকেল কলেজ : ১৫টি
- ডায়াবেটিক অ্যাসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর : ৪০টি
- প্রেসিডেন্ট কিশোরগঞ্জ আব্দুল হামিদ মেডিকেল কলেজ : ৪৫টি

আসন বৃদ্ধি কয়েকটির—

কয়েকটি বেসরকারি মেডিকেল কলেজের আসন বৃদ্ধি করা হয়েছে। এগুলোর মধ্য খুলনা সিটি মেডিকেল কলেজ, খুলনা আসনসংখ্যা ৫০টির সঙ্গে আরও ৫টি বৃদ্ধি করে ৫৫, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, চট্টগ্রাম-এর আসনসংখ্যা ৬০টির সঙ্গে আরও ২০টি বৃদ্ধি করে ৮০টি, আর্মি মেডিকেল কলেজ, চট্টগ্রাম-এর আসনসংখ্যা ৫০টির সঙ্গে আরও ১০টি বৃদ্ধি করে ৬০টি এবং আর্মি মেডিকেল কলেজ, যশোর-এর আসনসংখ্যা ৫০টির সঙ্গে আরও ১০টি বৃদ্ধি করে ৬০টি করা হয়েছে।